



ফোনঃ ৯৫৫১০৯৬, পিএবিএক্স: ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬
পোস্ট বক্সনং-৩৪৫, ৬২৫, জিপিও, ঢাকা, ই-মেইল-info@jbc.gov.bd ওয়েব সাইট: www.jbc.gov.bd

স্মারক নং- ৫৩.১৯.০০০০.০০২.০০.০০০.২১- ১১৯৯)

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৮
১৩ ডিসেম্বর, ২০২১

বিষয়ঃ মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন উপলক্ষে জীবন বীমা কর্পোরেশনে গৃহীত কর্মসূচি।

মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন উপলক্ষে জীবন বীমা কর্পোরেশনের সকল অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রধান কার্যালয়সহ নিজস্ব ভবনগুলোতে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে আলোকসজ্জা করা হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী কর্মসূচিতে জীবন বীমা কর্পোরেশনের স্থানীয় কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। এছাড়া, জাতীয় দিবসে গৃহীত কর্মসূচির উল্লেখযোগ্য বিষয়াবলী কর্পোরেশনের ওয়েবসাইটে প্রদর্শন করা হবে।

জীবন বীমা কর্পোরেশন কর্তৃক মহান বিজয় দিবস উপলক্ষে নিম্নোক্ত অনুষ্ঠানমালা উদযাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে:

তারিখ ও সময়	কর্মসূচির নাম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৬-১২-২০২১ (সকাল ৭:৩০ টা)	জাতীয় পতাকা উত্তোলন	নিজস্ব ভবনগুলোতে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে।	ই.ই ডিভিশন, প্রধান কার্যালয় ও সংশ্লিষ্ট অফিসসমূহ
১৬-১২-২০২১ (সকাল ৯:০০ টা)	জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ।	সরকারি সিদ্ধান্ত অনুযায়ী আমন্ত্রিত অতিথিগণ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করবে।	কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ
১৬-১২-২০২১ (সকাল ৯:০০ টা)	কোরআন খানী ও দোয়া মাহফিল	মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধা এবং পরলোকগত মুক্তিযোদ্ধাগণের আত্মার মাগফিরাত কামনায় প্রধান কার্যালয়ের নামাজ কক্ষে কোরআন খানী ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে।	প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয় এবং জীবন বীমা কর্মচারী ইউনিয়ন
১৬-১২-২০২১ বেলা ১১:০০	আলোচনা সভা (বেলা ১১:০০-১:০০) (মহান বিজয় দিবস)	উক্ত অনুষ্ঠানে জীবন বীমা কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ এবং প্রধান কার্যালয় ও ঢাকা আঞ্চলিক কার্যালয়ের ম্যানেজার ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের উপস্থিতিতে।	প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয় এবং জীবন বীমা কর্মচারী ইউনিয়ন
১৫, ১৬, ও ১৭ ডিসেম্বর, ২০২১	কর্পোরেশনের নিজস্ব ভবনে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে আলোকসজ্জা ও প্রধান কার্যালয়ের ডিসপ্লে বোর্ডে মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে কর্পোরেশনের সকল বীমাগ্রাহক ও সকল শুভানুধ্যায়ীদের শুভেচ্ছাবার্তা প্রদর্শন।	মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে কর্পোরেশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়, জীবন বীমা টাওয়ার এবং কর্পোরেশনের নিজস্ব ভবনে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে আলোকসজ্জাকরণ এবং প্রধান কার্যালয়ের ডিসপ্লেবোর্ডে মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে কর্পোরেশনের সকল বীমাগ্রাহক ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছাবার্তা প্রদর্শন করা হবে।	ই.ই ডিভিশন, প্রধান কার্যালয়
১৫, ১৬, ও ১৭ ডিসেম্বর, ২০২১	কর্পোরেশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়, ঢাকা আঞ্চলিক কার্যালয় এবং কর্পোরেশনের নিজস্ব ভবনে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে ডপ-ডাউন ব্যানার স্থাপন	মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষে কর্পোরেশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়, ঢাকা আঞ্চলিক কার্যালয় এবং কর্পোরেশনের নিজস্ব ভবনে অবস্থিত কর্পোরেশনের অফিসসমূহে ডপ-ডাউন ব্যানার স্থাপন করা হবে।	সংস্থাপন বিভাগ, প্রধান কার্যালয় এবং সংশ্লিষ্ট অফিসসমূহ।



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)


প্রধান কার্যালয়ঃ ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



ফোনঃ ৯৫৫১০৯৬, পিএবিএক্স: ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬
পোস্ট বক্সনং-৩৪৫, ৬২৫, জিপিও, ঢাকা, ই-মেইল-info@jbc.gov.bd ওয়েব সাইট: www.jbc.gov.bd

তারিখ ও সময়	কর্মসূচির নাম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৬-১২-২০২১	জাতীয় দৈনিকে প্রচার	মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন উপলক্ষে নতুন বিজ্ঞাপন তৈরী করত: কর্পোরেশনের সকল বীমাগ্রাহক ও শূভানুধ্যায়ীদের শূভেচ্ছা জানিয়ে জাতীয় দৈনিক ও বিভিন্ন ম্যাগাজিনে বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণ।	জনসংযোগ বিভাগ, প্রধান কার্যালয়
১৫-১২-২০২১	সম্মানিত বীমাগ্রহীতাগণকে মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষে শূভেচ্ছা জানিয়ে SMS বার্তা প্রেরণ	জীবন বীমা কর্পোরেশনের সম্মানিত বীমাগ্রহীতাগণকে মহান দিবস, ২০২১ উপলক্ষে শূভেচ্ছা জানিয়ে SMS বার্তা প্রেরণ।	আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়
১৯-১২-২০২১	চিত্রাংকন প্রতিযোগীতা (মহান বিজয় দিবস)	ভার্চুয়াল মাধ্যম	আইসিটি ডিভিশন ও সংশ্লিষ্ট কমিটি
২০-১২-২০২১	রচনা প্রতিযোগীতা (বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তি)	ভার্চুয়াল মাধ্যম	আইসিটি ডিভিশন ও সংশ্লিষ্ট কমিটি
২১/২২/২৩ ডিসেম্বর, ২০২১	মহান বিজয় দিবস, ২০২১ ও স্বাধীনতার ৫০ বছর পূর্তী উপলক্ষে আলোচনা সভা	মাননীয় শ্রম প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে মহান বিজয় দিবস, ২০২১ ও স্বাধীনতার ৫০ বছর পূর্তী উপলক্ষে আলোচনা সভা	জীবন বীমা কর্মচারী ইউনিয়ন

প্রধান কার্যালয়ের কর্মসূচি অনুসরণে রিজিওনাল অফিসসমূহ স্থানীয়ভাবে জেলা প্রশাসনের কর্মসূচির সাথে সমন্বয় করে কর্মসূচি প্রণয়ন করে পর্ষদের অনুমোদিত ব্যয়সীমার মধ্যে মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন করবে।


২০/১২/২০২১
(মোঃ জহুরুল হক)
ম্যানেজিং ডাইরেক্টর

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।